

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২২৮

## ১১/ জানাযা

পরিচ্ছেদঃ রুগ্ন ব্যক্তির জন্য 'আমার যন্ত্রণা হচ্ছে' অথবা 'আমার প্রচণ্ড ব্যথা হচ্ছে' কিংবা 'আমার জ্বর হয়েছে' কিংবা 'হায়! আমার মাথা গেল' ইত্যাদি বলা জায়েয; যদি তা আল্লাহর প্রতি অসম্ভুষ্টি প্রকাশের জন্য না হয়

আরবী

বাংলা

(১২২৮) একদা শাদ্দাদ বিন আউস ও সুনাবিহী এক রোগীকে সাক্ষাৎ করতে গিয়ে তাকে জিজ্ঞাসা করলেন,

كَيْفَ أَصْبَحْتَ قَالَ أَصْبَحْتُ بِنِعْمَةٍ فَقَالَ لَهُ شَدَّادٌ أَبْشِرْ بِكَفَّارَاتِ السَّيِّنَاتِ وَحَطِّ الْخَطَايَا فَإِنِي سَمِعْتُ رَسُولَ اللهِ عَلَى مَا ابْتَلَيْتُهُ فَإِنَّهُ فَإِنَّهُ يَقُومُ اللهِ عَلَى مَا ابْتَلَيْتُهُ فَإِنَّهُ يَقُومُ مِنْ مَضْجَعِهِ ذَلِكَ كَيَوْمٍ وَلَدَتْهُ أُمُّهُ مِنْ الْخَطَايَا وَيَقُولُ الرَّبُّ عَزَّ وَجَلَّ أَنَا قَيَّدْتُ عَبْدِي وَابْتَلَيْتُهُ وَأَجْرُوا لَهُ كَمَا كُنْتُمْ تُجْرُونَ لَهُ وَهُوَ صَحِيحٌ

'আজ সকালে তুমি কেমন আছ?' লোকটি বলল, '(আল্লাহর) নিয়ামতে আছি।' শাদ্দাদ বললেন, 'পাপসমূহ মাফ হয়ে যাওয়া এবং গোনাহসমূহ ঝরে যাওয়ার সুসংবাদ নাও। আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, তিনি বলেছেন, আল্লাহ আযযা অজাল্ল বলেন, আমি যখন আমার কোন মুমিন বান্দাকে (রোগ-বালা দিয়ে) পরীক্ষা করি এবং সে ঐ রোগ-বালাতে আমার প্রশংসা করে, তখন সে তার ঐ বিছানা থেকে সেই দিনকার মত নিষ্পাপ হয়ে ওঠে, যেদিন তার মা তাকে ভূমিষ্ঠ করেছিল। রব্ব তাবারাকা অতাআলা (কিরামান কাতেবীনকে) বলেন, আমি আমার বান্দাকে (অনেক আমল থেকে) বিরত রেখেছি এবং রোগগ্রস্ত করেছি। সুতরাং তোমরা তার জন্য সেই আমলের সওয়াব লিখতে থাক, যে আমলের সওয়াব তার সুস্থ অবস্থায় লিখতে।

ফুটনোট

(আহমাদ ১৭১১৮, সহীহ তারগীব ৩৪২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইবেরী



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন